

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৮.২৪.১৯৪৩

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড-৪১২৪১০১-  
চাল ক্রয় খাতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর-এর স্মারক নং-২৮৬, তারিখ-০৫.১১.২০২৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং-১২০০০২৬০৫ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং-৪১২৪১০১-চাল ক্রয় খাতে দিনাজপুর জেলার নিম্নোক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র: নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৪১২৪১০১	চাল ক্রয়	বিরল	৬,৩৯,৮৯,১০০ (ছয় কোটি ঊনচল্লিশ লাখ ঊনব্বই হাজার একশত) টাকা
মোট				=৬,৩৯,৮৯,১০০ (ছয় কোটি ঊনচল্লিশ লাখ ঊনব্বই হাজার একশত) টাকা

উল্লেখ্য যে, কোড নং-৪১২৪১০১-চাল ক্রয় খাতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খানসামা-এর অনুকূলে ২১.০৭.২০২৫খ্রি. তারিখের ১০৮৭ নং স্মারকে ৩,৯২,২২,৬০০/- (তিন কোটি বিরানব্বই লাখ বাইশ হাজার ছয়শত) টাকা এবং ০৬.১০.২০২৫খ্রি. তারিখের ১৬৬৩ নং স্মারকে ১,২৭,৭৯,৪০০/- (এক কোটি সাতাশ লাখ ঊনআশি হাজার চারশত) টাকাসহ মোট =৫,২০,০২,০০০/- (পাঁচ কোটি বিশ লাখ দুই হাজার) টাকা প্রদান করা হয়েছে। উক্ত দপ্তরের অনুকূলে বকেয়াসহ মোট মূল্য =৫,২০,০১,৯১০/- (পাঁচ কোটি বিশ লাখ এক হাজার নয়শত দশ) টাকা দেখানো হয়েছে; যা বরাদ্দকৃত টাকার তুলনায় কম বিধায় বরাদ্দ প্রদান করা হলো না। পরবর্তীতে নির্ধারিত ছক অনুসরণপূর্বক যথাযথ হিসাবসহ চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলি/ নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৫-২৬ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১১-১১-২০২৫  
মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৮.২৪.১৯৪৩/১ (৬)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, দিনাজপুর। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরল/খানসামা, দিনাজপুর।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরল, দিনাজপুর।
- ৬। অফিস কপি/, মাস্টার কপি।



১১-১১-২০২৫

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক